

## পেয়ারার ছাতরা পোকা / মিলিবাগ

বর্গ: Hemiptera

পরিবার: Pseudococcidae

বৈজ্ঞানিক নাম: *Maconellicoccus hirsutus*

### ক্ষতির লক্ষণ:

- বাষা ও পূর্ণ বয়স্ক পোকা পেয়ারা গাছের কাঁচি পাতা, ডগা ও পাতার রস চুষে খায়। আক্রান্ত গাছের কাঁচি ডাল ও পাতার রং ফ্যাকাশে হয়ে গাছ দুর্বল হয়ে পড়ে।
- কাঁচা পেয়ারাও এ পোকা দ্বারা ক্ষতিগ্রস্ত হয়।
- ফলের খোসার উপর এরা দলবদ্ধভাবে থেকে রস চুষে খায়। ফলের খোসায় কালো ছাতা পড়ে, আঠালো ভাব হয় এবং আক্রমণ বেশী হলে ফল থেকে দুর্গন্ধ বের হয়।
- ছাতরা পোকা পাতার উপর আঠালো মধুরস নিঃসরণ করে এবং সেখানে কালো রং এর ছত্রাক রোগ সৃষ্টি করে। এ অবস্থাকে স্যুটি মোল্ড বলে। আক্রান্ত গাছে ছাতরা পোকায় মধুরস খাওয়ার জন্য পিঁপড়া আসে। পিঁপড়া ছাতরা পোকাকে এক জায়গা থেকে অন্য জায়গায় বয়ে নিয়ে যেতে পারে।
- আক্রমণ বেশী হলে গাছে ফুল ও ফল ধরে না বা ধরলেও ঝরে পড়ে।



ছবি: পেয়ারার ছাতরা পোকায় আক্রান্ত ডাল ও পাতা

### দমন ব্যবস্থাপনা

- পোকা দেখা মাত্র হাত দ্বারা সংগ্রহ করে মেরে ফেলতে হবে। প্রাথমিক অবস্থায় আক্রান্ত অংশ কেটে ধ্বংস করতে হবে।
- গাছের গোড়ায় মাটি থেকে ১৫-২০ সে.মি. উপরে স্বচ্ছ পলিথিন দ্বারা মুড়ে দিতে হবে যাতে মিলিবাগ গাছে উঠতে না পারে।
- কাপড় কাঁচার গুড়া সাবান প্রতি লিটার পানিতে ৫ গ্রাম হারে মিশিয়ে ভালভাবে স্প্রে করতে হবে।
- ছাতরা পোকায় বিশ্বাস রোধে পিঁপড়া নিয়ন্ত্রণ করতে হবে।
- জৈব বালাইনাশক নিমবিসিডিন (০.৪%) ব্যবহার করা যেতে পারে।
- আক্রমণের মাত্রা বেড়ে গেলে আইসোপ্রোকার্ব গ্রুপ (যেমন: মিপসিন ৭৫ ডব্লিউপি, ১০ লিটার পানিতে ২৫ মিলি) অথবা কার্বসালফান গ্রুপ (যেমন: মারশাল ২০ ইসি, ১০ লিটার পানিতে ২২.৫০ মিলি) অথবা ফেনিট্রোথিওন গ্রুপের ওষুধ (যেমন: সুমিথিওন ৫০ ইসি, ১০ লিটার পানিতে ২০ মিলি) ভালভাবে স্প্রে করতে হবে।

### আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

